ধারাপাত



পশ্চিমবঙ্গ সরকারের প্রবর্তিত নূতন সিলেবাস অনুসারে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ছাত্র-ছাত্রীদের গণিত শিক্ষার অবশ্য পাঠ্য পুস্তক।

ধারাপাত
ও
অঙ্ক শেখ

শ্রীমতী কবিতা বাগচী বি. এস্. সি.

আমাদের দেশে প্রচলিত পয়সার হিসাব, পরিমাণ-প্রণালী ও ওজন-প্রণালী এবং সহজ অঙ্ক শেখার নিয়ম ছবির সাহায্যে শিশুমনকে আকর্ষণযোগ্য করে তোলার পদ্ধতি সরল চলিত ভাষায় এই বইতে দেওয়া হয়েছে।

৮বি কলেজ রো, কলিকাতা ৯

প্রকাশক :
সুপ্রকাশনী
৮বি, কলেজ রো, কলিকাতা ৯

১৯৮০

মূল্য : ৪·০০

মুদ্রক :
শ্রীমতী শ্যামলী ঘোষ
সুকল্যাণী প্রেস
১৫/বি বিনোদ সাহা লেন
কলিকাতা ৬


সাধারণ বুদ্ধি ও জ্ঞানের পরীক্ষা

নীচের ছবিগুলোতে কি কি দেখছো ?






বড় ও ছোট, কম ও বেশী, ভারি ও হালকা এবং কোনটা কি ?














কোন্‌টা আকারে বড় ? কোন্‌টা লম্বায় কম ?





কোন্‌টা হালকা ? কোন্‌ ডালে বেশি ফুল ?

কোন্‌টা ভারি ? কোন্‌ ডালে কম ফুল ?

১ এক	
২ দুই	
৩ তিন	
৪ চার	
৫ পাঁচ	
৬ ছয়	
৭ সাত	
৮ আট	
৯ নয়	
১০ দশ	

শতকিয়া





লিখি	পড়ি	লিখি	পড়ি
১	এক এ চন্দ্র	২১	দুই দশ এক একুশ
২	দুই এ পক্ষ	২২	দুই দশ দুই বাইশ
৩	তিন এ নেত্র	২৩	দুই দশ তিন তেইশ
৪	চার এ বেদ	২৪	দুই দশ চার চব্বিশ
৫	পাঁচ এ পঞ্চবান	২৫	দুই দশ পাঁচ পঁচিশ
৬	ছয় এ ঋতু	২৬	দুই দশ ছয় ছাব্বিশ
৭	সাত এ সমুদ্র	২৭	দুই দশ সাত সাতাশ
৮	আট এ অষ্টবসু	২৮	দুই দশ আট আটাশ
৯	নয় এ নবগ্রহ	২৯	দুই দশ নয় উনত্রিশ
১০	দশ এ দিক্	৩০	তিন দশ এ ত্রিশ
১১	এক দশ এক এগার	৩১	তিন দশ এক একত্রিশ
১২	এক দশ দুই বার	৩২	তিন দশ দুই বত্রিশ
১৩	এক দশ তিন তের	৩৩	তিন দশ তিন তেত্রিশ
১৪	এক দশ চার চৌদ্দ	৩৪	তিন দশ চার চৌত্রিশ
১৫	এক দশ পাঁচ পনর	৩৫	তিন দশ পাঁচ পঁয়ত্রিশ
১৬	এক দশ ছয় ষোল	৩৬	তিন দশ ছয় ছত্রিশ
১৭	এক দশ সাত সতর	৩৭	তিন দশ সাত সাঁইত্রিশ
১৮	এক দশ আট আঠার	৩৮	তিন দশ আট আটত্রিশ
১৯	এক দশ নয় উনিশ	৩৯	তিন দশ নয় উনচল্লিশ
২০	দুই দশ এ কুড়ি	৪০	চার দশ এ চল্লিশ





লিখি	পড়ি
৪১	চার দশ এক একচল্লিশ
৪২	চার দশ দুই বিয়াল্লিশ
৪৩	চার দশ তিন তেতাল্লিশ
৪৪	চার দশ চার চুয়াল্লিশ
৪৫	চার দশ পাঁচ পঁয়তাল্লিশ
৪৬	চার দশ ছয় ছেচল্লিশ
৪৭	চার দশ সাত সাতচল্লিশ
৪৮	চার দশ আট আটচল্লিশ
৪৯	চার দশ নয় ঊনপঞ্চাশ
৫০	পাঁচ দশ এ পঞ্চাশ
৫১	পাঁচ দশ এক একান্ন
৫২	পাঁচ দশ দুই বাহান্ন
৫৩	পাঁচ দশ তিন তিপ্পান্ন
৫৪	পাঁচ দশ চার চুয়ান্ন
৫৫	পাঁচ দশ পাঁচ পঞ্চান্ন
৫৬	পাঁচ দশ ছয় ছাপান্ন
৫৭	পাঁচ দশ সাত সাতান্ন
৫৮	পাঁচ দশ আট আটান্ন
৫৯	পাঁচ দশ নয় ঊনষাট
৬০	ছয় দশ এ ষাট
৬১	ছয় দশ এক একষট্টি

লিখি	পড়ি
৬২	ছয় দশ দুই বাষট্টি
৬৩	ছয় দশ তিন তেষট্টি
৬৪	ছয় দশ চার চৌষট্টি
৬৫	ছয় দশ পাঁচ পঁয়ষট্টি
৬৬	ছয় দশ ছয় ছেষট্টি
৬৭	ছয় দশ সাত সাতষট্টি
৬৮	ছয় দশ আট আটষট্টি
৬৯	ছয় দশ নয় ঊনসত্তর
৭০	সাত দশ এ সত্তর
৭১	সাত দশ এক একাত্তর
৭২	সাত দশ দুই বাহাত্তর
৭৩	সাত দশ তিন তিয়াত্তর
৭৪	সাত দশ চার চুয়াত্তর
৭৫	সাত দশ পাঁচ পঁচাত্তর
৭৬	সাত দশ ছয় ছিয়াত্তর
৭৭	সাত দশ সাত সাতাত্তর
৭৮	সাত দশ আট আটাত্তর
৭৯	সাত দশ নয় ঊনআশি
৮০	আট দশ এ আশি
৮১	আট দশ এক একাশি
৮২	আট দশ দুই বিরাশি





লিখি	পড়ি
৮৩	আট দশ তিন তিরাশি
৮৪	আট দশ চার চুরাশি
৮৫	আট দশ পাঁচ পঁচাশি
৮৬	আট দশ ছয় ছিয়াশি
৮৭	আট দশ সাত সাতাশি
৮৮	আট দশ আট অষ্টআশি
৮৯	আট দশ নয় উননব্বই
৯০	নয় দশ এ নব্বই
৯১	নয় দশ এক একানব্বই

লিখি	পড়ি
৯২	নয় দশ দুই বিরানব্বই
৯৩	নয় দশ তিন তিরানব্বই
৯৪	নয় দশ চার চুরানব্বই
৯৫	নয় দশ পাঁচ পঁচানব্বই
৯৬	নয় দশ ছয় ছিয়ানব্বই
৯৭	নয় দশ সাত সাতানব্বই
৯৮	নয় দশ আট আটানব্বই
৯৯	নয় দশ নয় নিরানব্বই
১০০	দশ দশ এ একশ

অঙ্ক কষবার এবং নামিয়ে পড়বার নিয়ম

১৯ উনিশ, এক দশ নয় উনিশ, ১৯ এর নয় নামে, হাতে থাকে এক।

৪৫ পঁয়তাল্লিশ, চার দশ পাঁচ পঁয়তাল্লিশ, ৪৫ এর পাঁচ নামে, হাতে থাকে চার।

১০০ একশ, দশ দশ এ একশ, ১০০র শূন্য নামে, হাতে থাকে দশ।

পড় আর মনে রাখ

১ এর পরে দুটি ০ বসলে ১০০ একশ হয়।

২ এর পরে দুটি ০ বসলে ২০০ দু'শ হয়।

৬ এর পরে দুটি ০ বসলে ৬০০ ছ'শ হয়।

৭ এর পরে দুটি ০ বসলে ৭০০ সাতশ হয়।

৩ এর পরে দুটি ০ বসলে ৩০০ তিনশ হয়।

৪ এর পরে দুটি ০ বসলে ৪০০ চারশ হয়।

৫ এর পরে দুটি ০ বসলে ৫০০ পাঁচশ হয়।

৮ এর পরে দুটি ০ বসলে ৮০০ আটশ হয়।

৯ এর পরে দুটি ০ বসলে ৯০০ ন'শ হয়।

১০ এর পরে দুটি ০ বসলে ১০০০ দশ'শ বা এক হাজার হয়।

জোড়া

২টায় ১ জোড়া
৪টায় ২ জোড়া
৬টায় ৩ জোড়া
৮টায় ৪ জোড়া

১০ টায় ৫ জোড়া, ইত্যাদি

গণ্ডা

৪টায় ১ গণ্ডা
৮টায় ২ গণ্ডা
১২টায় ৩ গণ্ডা
১৬টায় ৪ গণ্ডা

২০ টায় ৫ গণ্ডা, ইত্যাদি

কুড়ি

২০টায় ১ কুড়ি
৪০টায় ২ কুড়ি
৬০টায় ৩ কুড়ি
৮০টায় ৪ কুড়ি

১০০টায় ৫ কুড়ি, ইত্যাদি

ডজন

১২টায় ১ ডজন
২৪টায় ২ ডজন
৩৬টায় ৩ ডজন
৪৮টায় ৪ ডজন

৬০টায় ৫ ডজন, ইত্যাদি

অনুশীলনী

১। আমরা এখন কি শিখছি ?

২। (ক) ৩ আগে না, ২ আগে ? (খ) ১এর ডান ধারে একটা ০ বসলে কত হয় ?

৩। এইগুলো পড় এবং কথায় লেখ :—

৯, ১১, ১২, ১৯, ২৮, ৩৭, ৫৬, ৪৮, ৬৬, ৭০, ৮০, ৯৯, ৭২।

৪। অঙ্কে লেখ : তের, তেত্রিশ, ষাট, বিয়াল্লিশ, আটানব্বই।

৫। কত হয় বল :—

(ক) ৬ এর পরে দুটি ০ বসলে। (খ) ১ এর পরে তিনটি ০ বসলে। (গ) ৫ এর পরে দুটি ০ বসলে। (ঘ) ৯ এর পরে দুটো ০ বসলে।

৬। বল :—(ক) ৪ জোড়ায় ক'টা ? (খ) ১২ টায় কত গণ্ডা ?
(গ) ২ কুড়িতে ক'টা ? (ঘ) ৪ ডজনে ক'টা ?
(ঙ) ৪ কুড়িতে ক'টা ? (চ) ৬ ডজনে ক'টা ?

একক, দশক, শতক, সহস্র

১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯—এই যে সংখ্যাগুলো, এর প্রত্যেকটা একক সংখ্যা।

১০ হতে ৯৯ পর্যন্ত যত সংখ্যা আছে, তাদের প্রত্যেকটা দশক সংখ্যা। একক-এর পর দশক।

১০০ হতে ৯৯৯ পর্যন্ত যত সংখ্যা আছে, তাদের প্রত্যেকটা শতক সংখ্যা। দশক-এর পর শতক।

১০০০ হতে ৯৯৯৯ পর্যন্ত যত সংখ্যা আছে, তাদের প্রত্যেকটা সহস্র বা হাজার সংখ্যা। শতক-এর পর সহস্র বা হাজার।

সংখ্যা লেখবার নিয়ম

একক, দশক, শতক, সহস্র,—এদের কোন্‌টা কি রকমে বসবে, অর্থাৎ কোন্ ঘরে বসবে তা এখানে উদাহরণ দিয়ে দেখানো হল। যেমন—

(ক) ৭ কোন্ ঘরে বসবে ?
(খ) ৩২ কোন্ কোন্ ঘরে বসবে ?
(গ) ২৪৪ কোন্ কোন্ ঘরে বসবে ?
(ঘ) ১১১১ কোন্ কোন্ ঘরে বসবে ?

সহস্র	শতক	দশক	একক
			৭
		৩	২
	২	৪	৪
১	১	১	১

অনুশীলনী

১। এইগুলোর দৃষ্টান্ত দাও :—
একক, দশক, শতক, সহস্র।

২। ৫৫, ৬, ৫০০, ১২১২—এইগুলোর মধ্যে কোন্‌টা কিসের সংখ্যা, তা বল।

৩। কথায় লেখ :—
৩৬, ২০২, ৭৪, ১০০০, ৫৫৫, ৮০১, ৯৯০।

৪। অঙ্কে লেখ :—
ছেষট্টি, সাতাশ, তের, আটশ, একশ নিরানব্বই।

৫। একক, দশক, শতক, সহস্র-এর ঘর এঁকে এইগুলো ঠিক ঠিক ঘরে বসাও ঃ


২০, ৩১৮, ৯১, ৪৬৭, ২, ৮০৮।

৬। শতকের এবং দশকের সংখ্যা লিখে দেখাও।

৭। এককের অঙ্ক দশকের ঘরে আর দশকের অঙ্ক এককের ঘরে বসিয়ে যে সংখ্যা হবে, তা কথায় লেখ ঃ

১২, ৩২, ৪৩, ৭৮, ৯১।

যোগ করতে শেখ



আমার ১টা আম ছিল। তারপর আর ১টা আম আমি পেলাম। এখন আমার ক'টা আম হল? ২টা আম হল, এই যে—কোন কিছুর সঙ্গে কোন কিছু মিলল, একেই বলে যোগ।

\+ এই চিহ্নটির নাম যোগচিহ্ন।

যদি দু'টি সংখ্যার মধ্যে, বা দু'টির চেয়ে বেশি সংখ্যার মধ্যে পরপর + এই যোগ চিহ্ন থাকে, তা হলে সেই সংখ্যাগুলোকে এক সাথে যোগ করবে।

যোগ আরম্ভ করব ডান দিক থেকে অর্থাৎ একক এর ঘর থেকে। যোগ করে যে সংখ্যাটি হয়, তাকে বলে যোগফল।

= এই চিহ্নটিকে বলে সমান চিহ্ন।

যোগের উদাহরণ। ১। ১ এর সাথে ১ যোগ করলে কত হয়?

অঙ্কটি এইভাবে কষতে হবে ঃ ১+১=২ যোগফল

অথবা, এইভাবে কষতে হবে ঃ

```
  ১
  ১
 ---
  ২ যোগফল
```

আর একটি উদাহরণ ২। ১+১+১+১=কত?

১+১+১+১=৪ যোগফল

অথবা,

১
১
১
১
———
৪ যোগফল

উদাহরণ ৩।

৪+৩=কত?

৪
৩
———
৭ যোগফল

উদাহরণ ৪।

৫+৫=কত?

৫
৫
———
১০ যোগফল

উদাহরণ ৫।

৩+১+৫=কত?

৩
১
৫
———
৯ যোগফল

উদাহরণ ৬।

৭+৯=কত?

৭
৯
———
১৬ যোগফল

উদাহরণ ৭।

২+৪+১=? ?

২
৪
১
———
৭ যোগফল

উদাহরণ ৮।

৭+৯+৮=কত?

৭
৯
৮
———
২৪ যোগফল

অনুশীলনী

১। মুখে মুখে উত্তর দাও :—

(ক) ৬ আর ৮ এ কত? (খ) ৩ আর ৫ এ কত?

(গ) ৯ আর ৬ এ কত? (ঘ) ১০ আর ২ এ কত?

(ঙ) ৩+৪=কত? (চ) ৮+৮=কত?

(ছ) ৫+৪=কত? (জ) ৭+১=কত?

২। আমার ২ খানি বই আছে। আমি আরো ৩ খানি বই পেলাম। আমার মোট ক'খানি বই হল?

৩। বুলু বাজারে গিয়ে ৩ পয়সার ফুল, ৫ পয়সার কুল, আর ২ পয়সার কলা কিনল। সে মোট ক'পয়সার জিনিস কিনল?

৪। আমের দাম ১০ পয়সা, জামের দাম ৯ পয়সা। আম আর জামের মোট দাম কত?

৫। ১টা পাখি, আর ১টা পাখি, আর ১টা পাখি, আর ১টা পাখি, আর ১টা পাখি। এখন মোট ক'টা পাখি হল?


৬। ২টি লিচু, আর ২টি লিচু, আর ২টি লিচু। এখন মোট ক'টি লিচু হল?

৭। ৩+৪+২=কত?

৮। ৫টি লেবু, ৫টি লেবু আর ৫টি লেবু, মোট কটি লেবু হল?

বিয়োগ করতে শেখ

আমার ২টা আম ছিল। সেই ২টা আম থেকে ১টা আম এক ভিখারীকে দিলাম। এখন আমার ক'টা আম রইল? ১টা আম রইল। এই হল বিয়োগ।



কোন কিছু বাদ দেওয়াকে বিয়োগ বলে।

– এই চিহ্নটি বিয়োগ চিহ্ন।

যে সংখ্যা হতে বিয়োগ করা হয়, সেই সংখ্যা আগে বা ওপরে বসে। যে সংখ্যা বিয়োগ করা হয়, সেটি পরে বা নীচে বসে।

বিয়োগ করা আরম্ভ করবে ডান দিক থেকে।

কোন সংখ্যা হতে সেই সংখ্যা বা তার চেয়ে ছোট সংখ্যা বিয়োগ করা যায়।

বিয়োগ অঙ্ক কষার সময় বড় সংখ্যাটি ওপরে লিখে, তার নীচে ছোট সংখ্যাটি লিখতে হয়।

ছোট সংখ্যা হতে বড় সংখ্যা বিয়োগ করা যায় না।

বিয়োগ করে যে ফল পাওয়া যায়, তাকে বিয়োগফল বলে।

বিয়োগের উদাহরণ ১। ২ থেকে ১ বিয়োগ করব।

২ − ১ = কত? ১ আর কত হলে ২ হয়?

১ হলে।

সুতরাং, ২ − ১ = ১ বিয়োগফল

অথবা, ২
১
———
১ বিয়োগ ফল

উদাহরণ ২।

৪ থেকে ২ বিয়োগকর।

৪
২
———
২ বিয়োগফল

উদাহরণ ৩।

৯ থেকে ৫ বিয়োগ কর।

৯
৫
———
৪ বিয়োগফল

উদাহরণ ৪।

৫ − ১ = কত?

৫
১
———
৪ বিয়োগফল

উদাহরণ ৫।

৮ থেকে ৩ বিয়োগ কর।

৮
৩
———
৫ বিয়োগফল

উদাহরণ ৬। ১১ − ৫ = কত?

১১ ৫ আর কত হলে ১১ হয়? ৬ হলে।
৫ সেই ৬ ঐ নীচে নামল।
———
৬ বিয়োগফল সুতরাং ঐ নীচের ৬ হল বিয়োগ ফল।

উদাহরণ ৭।

১৩ − ৩ = কত?

১৩
৩
———
১০ বিয়োগফল

উদাহরণ ৮।

১৭ − ৫ = কত?

১৭
৫
———
১২ বিয়োগফল

উদাহরণ ৯।

১৫ − ৪ = কত?

১৫
৪
———
১১ বিয়োগফল

উদাহরণ ১০।

২৫ − ৫ = কত?

২৫
৫
———
২০ বিয়োগফল

অনুশীলনী

১। মুখে মুখে উত্তর দাও :—

(ক) ৪ – ৩ = কত ? (খ) ৬ – ১ = কত ?

(গ) ৯ – ৭ = কত ? (ঘ) ১০ – ৯ = কত ?

(ঙ) আঠার – দশ = কত ? (চ) ২৫ – ২০ = কত ?

(ছ) একুশ – তের = কত ?

২। আমার ৮টা আম আছে। তা থেকে কিছুই বাদ গেল না। আমার ক'টা আম রইল ?

৩। হনুমানের ১৫টা কলা আছে। তা থেকে সে জাম্বুবানকে ১২টা কলা দিল। এখন হনুমানের কাছে ক'টা কলা রইল ?

৪। একটা গাছের ডালে ১২টা পাখি বসে ছিল। তা থেকে ২টা পাখি উড়ে গেল। এখন সেখানে ক'টা পাখি রইল ?

৫। কানুর কাছে ৩টা নাড়ু। মানুর কাছে ৪টা নাড়ু। কানু আর মানু তাদের মোট নাড়ু থেকে ৫টা নাড়ু পানুকে দিল। এখন কানুর আর মানুর মোট কয়টা নাড়ু রইল ?

৬। এক গাছতলায় মনু পেল ১০টা আম, আর সুনু পেল ৮টা আম। কে ক'টা বেশি পেল ? কে ক'টা কম পেল ?


৭। রামের কাছে আছে ৯টি মার্বেল। সে তা থেকে ২টি মার্বেল শ্যামকে দিল, আর ৩টি মার্বেল হরিকে দিল। রামের কাছে আর ক'টি মার্বেল রইল ?

৮। সীতার কাছে আছে ৫টি লেবু। সে ১টি লেবু খেয়ে ফেলল ; গীতাকে দিল ২টি লেবু। তার কাছে আর কটি লেবু রইল ?

৯। নগেনের কাছে আছে ৬টি কলা। বাজার থেকে সে আরও ২টি কলা কিনল আর ছোট ভাইটিকে ৩টি কলা দিল। তার কাছে আর ক'টি কলা রইল।

গুণন (গুণ) করতে শেখ

খোকা আর খুকী। খোকার ২ খানি হাতে মোট ২ খানি নিশান। খুকীর ২ খানি হাতে মোট ২ খানি নিশান। খোকা আর খুকীর হাতে মোট ক'খানি নিশান?



যোগ করে এই অঙ্কটি কষা যায়।

কিন্তু আর একটি নিয়মেও এই অঙ্কটি কষা যায়। সেই নিয়মটিকে বলে গুণ। 'গুণন' কথাটির বদলে আমরা সাধারণতঃ 'গুণ'—এই শব্দটা ব্যবহার করি গুণ। করলে অঙ্কটি তাড়াতাড়ি কষা হয়ে যাবে। এখানে দেখ—

যোগ করে

২   ২ আর ২ যোগ করে,
২   ৪ হল।
———
৪ যোগফল

গুণন করে

২   দু' দু'গুণে ৪
২
———
৪ গুণফল

গুণন এর আর এক নাম পূরণ।

× এইটি গুণন চিহ্ন।

যে সংখ্যাকে গুণ করা হয়, সেই সংখ্যাকে গুণ্য বলে। যে সংখ্যা দিয়ে গুণ করা হয়, সেই সংখ্যাকে গুণক বলে। গুণ করে যে ফল হয়, তাকে গুণফল বলে।

নামতা মুখস্থ করলে, গুণন অঙ্ক কষা সহজ হয়।

উদাহরণ ১। ৩ × ২ = কত?

৩
২
———
৬ গুণফল

উদাহরণ ২। ৫ × ৬ = কত?

৫
৬
———
৩০ গুণফল

উদাহরণ ৩। ৫ × ২ = কত?

৫
২
———
১০ গুণফল

উদাহরণ ৪। ৮ × ৯ = কত?

৮
৯
———
৭২ গুণফল

উদাহরণ ৩। ৭×২=কত?

৭
২
―――
১৪

উদাহরণ ৪। ৬×৫=কত?

৬
৫
―――
৩০ গুণফল

উদাহরণ ৫। ৯×২=কত?

৯
২
―――
১৮ গুণফল

গুণনের প্রথম নামতা

১	১	১	১	১	১	১	১	১	১
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

এইভাবে পড়বে: এক এককে এক, দুই এককে দুই, তিন এককে তিন, ইত্যাদি।

২	২	২	২	২	২	২	২	২	২
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২	৪	৬	৮	১০	১২	১৪	১৬	১৮	২০
৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৩	৬	৯	১২	১৫	১৮	২১	২৪	২৭	৩০
৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৪	৮	১২	১৬	২০	২৪	২৮	৩২	৩৬	৪০
৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৫	১০	১৫	২০	২৫	৩০	৩৫	৪০	৪৫	৫০

৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৬	১২	১৮	২৪	৩০	[illegible]৬	৪২	৪৮	৫৪	৬০
৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭
১	২	[illegible]	৪	৫	৬	৭	৮	৯	১০
৭	১৪	২১	২৮	৩৫	৪২	৪৯	৫৬	৬৩	৭০
৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৮	১৬	২৪	৩২	৪০	৪৮	৫৬	৬৪	৮১	৮০
৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯
১	২	৩		৫	৬	৭	৮	৯	১০
৯	১৮	৭	৩৬	৪৫	৫৪	৬৩	৭২	৮১	৯০
১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১০	২০	৩০	৪০	৫০	৬০	৭০	৮০	৯০	১০০

গুণনের দ্বিতীয় নামতা।

১১	১১	১১	১১	১১	১১	১১	১১	১১	১১
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১১	২২	৩৩	৪৪	৫৫	৬৬	৭৭	৮৮	৯৯	১১০
১২	১২	১২	১২	১২	১২	১২	১২	১২	১২
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১২	২৪	৩৬	৪৮	৬০	৭২	৮৪	৯৬	১০৮	১২০

এইভাবে পড়বে ঃ এগার এককে এগার, এগার দু'গুণে বাইশ, তিন এগার তেত্রিশ, ইত্যাদি।

১৩	১৩	১৩	১৩	১৩	১৩	১৩	১৩	১৩	১৩
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১৩	২৬	৩৯	৫২	৬৫	৭৮	৯১	১০৪	১১৭	১৩০
১৪	১৪	১৪	১৪	১৪	১৪	১৪	১৪	১৪	১৪
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১৪	২৮	৪২	৫৬	৭০	৮৪	৯৮	১১২	১২৬	১৪০
১৫	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	১৫
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১৫	৩০	৪৫	৬০	৭৫	৯০	১০৫	১২০	১৩৫	১৫০

১৬	১৬	১৬	১৬	১৬	১৬	১৬	১৬	১৬	১৬
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১৬	৩২	৩৮	৬৪	৮০	৯৬	১১২	১২৮	১৪৪	১৬০
১৭	১৭	১৭	১৭	১৭	১৭	১৭	১৭	১৭	১৭
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১৭	৩৪	৫১	৬৮	৮৫	১০২	১১৯	১৩৬	১৫৩	১৭০
১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১৮	৩৬	৫৪	৭২	৯০	১০৮	১২৬	১৪৪	১৬২	১৮০
১৯	১৯	১৯	১৯	১৯	১৯	১৯	১৯	১৯	১৯
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১৯	৩৮	৫৭	৭৬	৯৫	১১৪	১৩৩	১৫২	১৭১	১৯০
২০	২০	২০	২০	২০	২০	২০	২০	২০	২০
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০	৪০	৬০	৮০	১০০	১২০	১৪০	১৬০	১৮০	২০০

টাকা-পয়সার কথা

টাকা পয়সাকে মুদ্রা বলে। আমাদের দেশে এখন কয়েক রকম মুদ্রা চালু রয়েছে। যেমন—

১ পয়সা, ২ পয়সা, ৩ পয়সা, ৫ পয়সা, ১০ পয়সা, ২৫ পয়সা, ৫০ পয়সা, ১০০ পয়সা বা ১ টাকা। এখানে ৮ রকম মুদ্রার ছবি দেখ।



১০০টি ১ পয়সায় ১ টাকা হয়।
৫০টি ২ পয়সায় ১ টাকা হয়।
২০টি ৫ পয়সায় ১ টাকা হয়।
১০টি ১০ পয়সায় ১ টাকা হয়।
৫টি ২০ পয়সায় ১ টাকা হয়।
৪টি ২৫ পয়সায় ১ টাকা হয়।
২টি ৫০ পয়সায় ১ টাকা হয়।

টাকা ও পয়সা লিখতে শেখো

. এই বিন্দুটি দশমিক বিন্দু।



পয়সার অঙ্ক এইভাবে লেখা হয়ঃ
এক পয়সা—০·০১ টাকা
সাত পয়সা—০·০৭ টাকা
দুই পয়সা—০·০২ টাকা
নয় পয়সা—০·০৯ টাকা

কেবলমাত্র টাকার অঙ্ক এইভাবে লিখতে হয়ঃ



এক টাকা—১·০০ টাকা।
দুই টাকা—২·০০ টাকা।
পাঁচ টাকা—৫·০০ টাকা ইত্যাদি।

টাকা ও পয়সার অঙ্ক এক সাথে এইভাবে লেখা হয়ঃ



এক টাকা এক পয়সা—১·০১ টাকা
দুই টাকা এক পয়সা—২·০১ টাকা
ছয় টাকা আট পয়সা—৬·০৮ টাকা
দশ টাকা পঞ্চান্ন পয়সা—১০·৫৫ টাকা
ইত্যাদি

গুণনের উদাহরণ ১। ৭কে ৬ দিয়ে গুণ কর।

৭ গুণ্য
৬ গুণক
―――――
৪২ গুণফল

উদাহরণ ২। গুণ্য ১৪, গুণক ৮, গুণফল কত?

১৪ গুণ্য
৮ গুণক
―――――
১১২ গুণফল

উদাহরণ ৩। গুণ্য ১৭, গুণক ৬, গুণফল কত?

১৭ গুণ্য
৬ গুণক
―――――
১০২ গুণফল

অনুশীলনী

১। গুণন-এর আর এক নাম কি?

২। মুখে মুখে গুণ করে উত্তর দাও:

(ক) ৩ × ২ = কত? (খ) ৫ × ৭ = কত? (গ) ৬ × ৬ = কত (ঘ) আট × চার = কত? (ঙ) ১১ × দুই = কত? (চ) তের × ৪ = কত? (ছ) ২ × · × ৪ = কত? (জ) তিন × চার × পাঁচ = কত? (ঝ) ১৪ × ৪ = কত? (ঞ) ১৮ × ৫ = কত?

৩। একটা আম গাছের একটা ডালে ৬টা আম, আর একটা ডালে ৬টা আম। ২ ডালে মোট ক'টা আম গুণন করে উত্তর দাও।

৪। টংকার আছে ৫টা জামা, বংকার আছে ৫টা জামা, ঝংকার আছে ৫টা জামা, ঠংকার আছে ৫টা জামা। টংকা-বংকা-ঝংকা-ঠংকার মোট ক'টা জামা আছে?

৫। ২ + ২ + ২, এই অঙ্কটির ফল, আর ২ × ৩, এই অঙ্কটির ফল কি ঠিক একই হবে?

৬। ৩-কে কত দিয়ে গুণ করলে ১২ হয় ? ৩-কে ক'বার পরপর রেখে যোগ করলে ১২ হয় ?

৭। ছু'টি সংখ্যার যোগফল হয় ৩, আর বিয়োগফল হয় ১, আর গুণফল হয় ২। সেই সংখ্যা ছু'টি কি কি ?

৮। ৩+৩+৩, এই অঙ্কটির ফল, ৩×৩, এই অঙ্কটির ফল কি ঠিক একই হবে ?

৯। ৫ কে কত দিয়ে গুণ করলে ১৫ হয় ? ৫-কে ক'বার পরপর রেখে যোগ করলে ১৫ হয় ?


১০। একটি জাম গাছের ৪টি ডাল আছে ; প্রত্যেক ডালে ৭টি করে জাম ফলে আছে। মোট ক'টি জাম আছে ?

১১। প্রতি থলিতে ১৬ টাকা করে ৪টি থলে আছে। মোট ক'টি টাকা আছে ?

১২। ৩ জন বালকের প্রত্যেকের ব্যাগে ৯টি করে বই আছে। ৩ জনের কাছে মোট ক'টি বই আছে ?

১৩। ৪টি রেকাবের প্রত্যেকটিতে ১২টি করে সন্দেশ আছে। প্রত্যেক রেকাব থেকে ২টি করে সন্দেশ তুলে নেওয়া হল। এখন ৪টি রেকাবে মোট কটি সন্দেশ রইল ?

ভাগ করতে শেখ



৪ টা আম আছে। অরুণ আর বরুণ ২ জনে সেই আম ক'টা নেবে। অরুণ যে ক'টা নেবে, বরুণও সেই ক'টা নেবে। তা হলে ১ জনে ক'টা করে আম নেবে, তা কি করে জানা যাবে?—জানা যাবে ভাগ করে।

বিয়োগের সংক্ষিপ্ত উপায় হল ভাগ।

কোন সংখ্যাকে তার চেয়ে ছোট সংখ্যা দিয়ে ভাগ করা যায়। সমান সমান সংখ্যা দিয়েও ভাগ করা যায়।

÷ এইটি ভাগের চিহ্ন।

যদি দু'টি সংখ্যার মাঝখানে ÷ এই চিহ্ন থাকে, তা হলে, আগের সংখ্যাকে পরের সংখ্যা দিয়ে ভাগ করতে হয়।

যে সংখ্যাকে ভাগ করা হয় তাকে **ভাজ্য** বলে। যে সংখ্যা দিয়ে ভাগ করা হয়, তাকে **ভাজক** বলে। ভাগ করে যে ফল পাওয়া যায়, তাকে **ভাগফল** বলে। ভাগ করার পরে যা অবশিষ্ট থাকে, তাকে **ভাগশেষ** বা অবশিষ্ট বলে।

ভাগের উদাহরণ ১। ১৬কে ৪ দিয়ে ভাগ কর।

৪)১৬(৪
১৬
―――

উত্তর : ৪ ভাগফল

উদাহরণ ২। ভাজ্য ৫২, ভাজক ৫, ভাগফল এবং ভাগশেষ কত?

ভাজ্য
ভাজক ৫) ৫২ (১০ ভাগফল
৫০
―――
২ ভাগশেষ

উত্তর : ১০ ভাগফল, ২ ভাগশেষ

অনুশীলনী

১। মুখে মুখে ভাগ করে উত্তর দাও :—

(ক) ৪ ÷ ২ (খ) ৮ ÷ ৪ (গ) ১২ ÷ ৬ (ঘ) ২০ ÷ ৫
(ঙ) চব্বিশ ÷ বারো (চ) চুয়াল্লিশ ÷ এগার (ছ) ৩৬ ÷ দুই
(জ) ষাট ÷ ৪

২। আমাদের শিক্ষিকা ৫০টা লেবু ১০ জন ছাত্র-ছাত্রীকে ভাগ করে দিলেন। এক এক জনে ক'টা করে পেল ?

৩। ৭ দিনে এক সপ্তাহ। ৪২ দিনে কত সপ্তাহ ?

৪। ১০ টাকায় ৫ খানি বই পাওয়া যায়। ১ খানি বই কয় টাকায় পাওয়া যায় ?

৫। ১০ খানি পোস্টকার্ডের দাম ১০০ পয়সা। ১ খানি পোস্ট-কার্ডের দাম কত ?

৬। গুণ চিহ্ন, বিয়োগ ছিহ্ন, ভাগ চিহ্ন, যোগ চিহ্ন, এবং সমান চিহ্ন লিখে দেখাও।

৭। তোমাদের শ্রেণীতে ৪০ জন ছাত্র আছে। প্রত্যেক বেঞ্চে ৪ জন ছাত্র বসে। তা হলে তোমাদের শ্রেণীতে মোট ক'টা বেঞ্চ আছে ?

৮। ৫টা বাংলা বইয়ের দাম ২০ টাকা। ২টা অঙ্ক বইয়ের দাম ১০ টাকা। ১ খানি বাংলা বই আর ১ খানি অঙ্ক বইয়ের মোট দাম কত হবে ?

•˙ এই দশমিক বিন্দু বসিয়ে পয়সা লিখলে, তাকে টাকা বলতে হয়, পয়সা বলতে হয় না। যেমন—তের পয়সা—•˙১৩ টাকা। কিন্তু দশমিক এক তিন টাকা,—এইভাবে পড়তে হয়।

টাকা-পয়সার যোগ ও বিয়োগ সাধারণ যোগ ও বিয়োগের মত।

যোগের উদাহরণ :	বিয়োগের উদাহরণ :
৫˙০৫ টাকা	৫˙০৫ টাকা
২˙০৯ টাকা	২˙০৯ টাকা
৭˙১৪ টাকা উত্তর	২˙৯৬ টাকা উত্তর

অনুশীলনী

১। (ক) কত পয়সায় ১ টাকা হয় ? (খ) ক'টি ১০ পয়সায় ১ টাকা হয় ? ক'টি ৫০ পয়সায় ১ টাকা হয় ?

২। অঙ্কে লেখ : ন'পয়সা ; উনত্রিশ পয়সা ; তিন টাকা ষোল পয়সা ; চার টাকা উনত্রিশ পয়সা।

৩। যোগ কর : (ক) ০˙১৪ টাকা + ০˙৪২ টাকা + ২˙০৮ টাকা।

৪। বিয়োগ কর : (ক) ৪˙১২ টাকা − ১˙১১ টাকা।

(খ) ০˙৬০ টাকা − ০˙৫১ টাকা।

৫। সতীশের কাছে আছে ৫˙৫৮ টাকা ; সীতেশের কাছে আছে ৪˙৪২ টাকা। তাদের দুজনের কাছে মোট কত টাকা রয়েছে ?

৬। সরমার কাছে আছে ৭˙৮৫ টাকা ; সে তা থেকে ২˙৫৫ টাকার একটি জিনিস কিনল। তার কাছে আর কত টাকা রইল ?

মেট্রিক ওজন

গ্রাম একক দিয়ে চাল, ডাল ইত্যাদি ওজন করা হয়।

লিটার একক দিয়ে দুধ, কেরোসিন ইত্যাদি তরল জিনিস ওজন করা হয়।


মিটার একক দিয়ে কাপড় আর জায়গা ইত্যাদির মাপ করা হয়।

এখানে বাটখারাগুলোর ছবি দেওয়া হল:

১ গ্রাম, ২ গ্রাম ৫ গ্রাম, ১০ গ্রাম, ২০ গ্রাম ওজনের বাটখারাও আছে।

কিলোগ্রামকে সংক্ষেপে কিগ্রা. লেখা হয়। গ্রামকে সংক্ষেপে গ্রা. লেখা হয়।

১০০০ গ্রামে ১ কিলোগ্রাম হয়।



কিলোগ্রামের ও গ্রামের যোগ ও বিয়োগ

কিলোগ্রামের ও গ্রামের যোগ ও বিয়োগ সাধারণ যোগের ও বিয়োগের মত।

যোগের উদাহরণ ঃ

কিগ্রা.	গ্রা.
৩	২৮৫
২	৩৭৫
৫	৬৬০

বিয়োগের উদাহরণ ঃ

কিগ্রা.	গ্রা.
৭	৮৭৫
৩	৪২৩
৪	৪৫২

তরল জিনিসের ওজন

তরল জিনিসের ওজনের প্রধান এককে বলে লিটার। লিটারের চেয়ে বড় একককে বলে কিলোলিটার। লিটারের চেয়ে ছোট একককে বলে মিলিলিটার।

১০০০ মিলিলিটারে ১ লিটার হয়।

১০০০ লিটারে ১ কিলোলিটার হয়।

অনুশীলনী

১। তরল জিনিসের ওজনের প্রধান এককে কি বলে ?

২। এক লিটার কত মিলিলিটারের সমান ?

৩। এক মিলিলিটার কি এক কিলোলিটারের চেয়ে কম, না, বেশী ?

৪। একখণ্ড কাপড়ের দৈর্ঘ্য ৭ মিটার। কি একক দিয়ে কাপড়টি মাপা হয়েছে ?

৫। ২ লিটারে কত মিলিলিটার ?

৬। ২০০০ গ্রামে কত কিলোগ্রাম ?

৭। একটি জিনিসের ওজন ৫ কিগ্রা. ২২৫ গ্রা. ; অপর একটি জিনিসের ওজন ৬ কিগ্রা. ৩২৫ গ্রা. জিনিস দুটির মোট ওজন কত ?

৮। একটি থলিতে ৮ কিগ্রা. ৫০০ গ্রা. চাল আছে। ৩ কিগ্রা. ৫০০ গ্রা. চাল খরচ হয়ে গেল। ঐ থলিতে আর কত চাল রইল ?

৯। যোগ কর ঃ

	(ক) কিগ্রা.	গ্রা.	(খ) কিগ্রা.	গ্রা.
	২০	২০৭	২৫	১৫৫
	১৮	৫১৩	[illegible]০	১৬২

১০। বিয়োগ কর ঃ

	(ক) কিগ্রা.	গ্রা.	(খ) কিগ্রা.	গ্রা.
	১৮	৫৬৫	৮০	৩৭৫
	১০	২[illegible]৩	৪০	২০৫

দৈর্ঘ্য-পরিমাপ


দৈর্ঘ্য মাপবার মূল একক মিটার।

১ মিটারকে যদি সমান ১০০ ভাগ করা হয়, তা হলে, প্রত্যেক ভাগকে বলে ১ সেণ্টিমিটার।

১ সেণ্টিমিটারকে যদি সমান ১০ ভাগ করা হয়, তা হলে, প্রত্যেক ভাগ হয় ১ মিলিমিটার।

১০০ সেণ্টিমিটার ১ মিটারের সমান। ১০০০ মিটার ১ কিলোমিটারের সমান।


দৈর্ঘ্য মাপবার মাপকাটির ছবি এখানে দেখ ঃ



মিটার স্কেল



গজ কাঠি



১ মিটার প্রায় ৪০ ইঞ্চির সমান হয়।

দৈর্ঘ্য মাপবার আর্যাটি এইরূপ

১০ মিলিমিটারে ১ সেণ্টিমিটার হয়।

১০ সেণ্টিমিটারে ১ ডেসিমিটার হয়।

১০ ডেসিমিটারে ১ মিটার হয়।

১০ মিটারে ১ ডেকামিটার হয়।

১০ ডেকামিটারে ১ হেক্টোমিটার হয়।

১০ হেক্টোমিটারে ১ কিলোমিটার হয়।

দৈর্ঘ্য মাপবার এককগুলো সংক্ষেপে এইভাবে লেখা হয় ঃ

মিটার—মি.	ডেকামিটার—ডেকামি.
কিলোমিটার—কিমি.	ডেসিমিটার—ডেসিমি.
হেক্টোমিটার—হেমি.	সেণ্টিমিটার—সেমি.
মিলিমিটার—মিমি.	

মিটারের ও সেন্টিমিটারের যোগ ও বিয়োগ

মিটারের যোগ ও বিয়োগ, এবং সেণ্টিমিটারের যোগ ও বিয়োগ সাধারণ যোগের ও বিয়োগের মত।

যোগের উদাহরণ ঃ

মি.	সেমি.
৭	৩৬
৫	২৮
১২	৬৪

বিয়োগের উদাহরণ ঃ

মি.	সেমি
১২	৮৪
৮	৩০
৪	৫৪

অনুশীলনী

১। সেন্টিমিটার বড়, না, কিলোমিটার বড় ?

২। কত সেন্টিমিটার এক মিটারের সমান ?

৩। একটা ছোট ফড়িং এক লাফে ২ মিটার গেল। একটা বড় ফড়িং এক লাফে ৪ মিটার গেল। দুইটা ফড়িং মোট কত মিটার গেল ?

৪। একটা দড়ি ৭ মিটার লম্বা। তা থেকে ৪ মিটার কেটে নেওয়া হল। এখন কত সেন্টিমিটার দড়ি থাকল ?

সময়ের ধারণা

প্র। দিন কাকে বলে ?

উ। সূর্য ওঠবার সময় থেকে সূর্য অস্ত যাওয়া পর্যন্ত সময়কে দিন বলে।

প্র। রাত্রি কাকে বলে ?

উ। সূর্য অস্ত যাওয়ার সময় থেকে সূর্য ওঠবার আগের সময় পর্যন্ত সময়কে রাত্রি বলে।

প্র। কত ঘণ্টায় এক দিন হয় ?

উ। ২৪ ঘণ্টায় এক দিন হয়।

প্র। সপ্তাহ কাকে বলে ?

উ। ৭ দিনে এক সপ্তাহ।

প্র। বাংলায় ৭ দিন বা সাতটিবারের নাম কি ?

উ। বাংলায় সাতটিবারের নাম : রবি, সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি।

প্র। কত দিনে এক মাস হয়।

উ। ৩০ দিনে এক মাস হয়।

প্র। কত মাসে এক বছর হয় ?

উ। ১২ মাসে এক বছর হয়।

প্র। ১২টি বাংলা মাসের নাম কি ?

উ। ১২টি বাংলা মাসের নাম : বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুন, চৈত্র।

প্র। কত দিনে এক বছর হয় ?

উ। ৩৬৫ দিনে এক বছর হয়।

প্র। বছরে কয়টি ঋতু ?

উ। বছরে ৬টি ঋতু।

প্র। মাস সহ ৬টি বাংলা ঋতুর নাম কি ?

উ। বৈশাখ, জ্যৈষ্ঠ—গ্রীষ্ম। আষাঢ়, শ্রাবণ—বর্ষা। ভাদ্র, আশ্বিন—শরৎ। কার্তিক, অগ্রহায়ণ—হেমন্ত। পৌষ মাঘ—শীত। ফাল্গুন, চৈত্র—বসন্ত।

প্র। দশ দিকের নাম কি ?

উ। বাংলায় দশ দিকের নাম ঃ

পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ, ঈশান, অগ্নি, নৈঋত, বায়ু, ঊর্ধ্ব, অধঃ।

ইংরেজীতে এক থেকে দশ লেখা ও পড়া শেখা

1	ওয়ান	১
2	টু	২
3	থ্রী	৩
4	ফোর্	৪
5	ফাইভ্	৫
6	সিক্স্	৬
7	সেভ্ন্	৭
8	এইট্	৮
9	নাইন	৯
10	টেন	১০

প্র। ইংরেজীতে বার মাসের নাম কি ?

কোন মাস কত দিনে হয় ?

উ। জানুআরি (৩১ দিনে),

ফেব্রুয়ারী (২৮ দিনে) কিন্তু লীপ ইয়ার হলে একদিন বেড়ে ২৯ দিনে হয়।

মার্চ (৩১ দিনে),

এপ্রিল (৩০ দিনে),

মে (৩১ দিনে),

জুন (৩০ দিনে),

জুলাই (৩ দিনে),

আগস্ট (৩১ দিনে),

সেপ্টেম্বর (৩০ দিনে),

অক্টোবর (৩১ দিনে),

নভেম্বর (৩০ দিনে),

ডিসেম্বর (৩১ দিনে) হয়।

১। হরি ২ কিগ্রা. ৫০০ গ্রাম তেল কিনে আরো ৩ কিগ্রা রেপসীড তেল ঐ আগের কেনা তেলের সঙ্গে মিশিয়ে দিল। এখন তার কাছে মোট কত তেল হল ?

২। একটা বাগানে ৫টা কলাগাছ, ৭টা আমগাছ, ২৪টা কাঁঠাল গাছ, ২৫টা লিচুগাছ, ৪৫টা সুপুরিগাছ আর ৪৫টা নারকেল আছে। বাগানে মোট কতগুলি গাছ আছে ?

৩। একটি মুদি তার দোকানের জন্যে ৪০ বস্তা চাল, ৩০ বস্তা ডাল, ২০ বস্তা চিনি, ২ বস্তা পোস্ত, ৫ বস্তা লঙ্কা আর ৪০ বস্তা হলুদ কিনলো। সব রকম জিনিস মিলিয়ে ঐ মুদি ১০৭ বস্তা জিনিস বেচে দিলে তার কাছে আর কত বস্তা জিনিস থাকবে ?

৪। বাবুর কাছে ২৫০ টাকা আছে। তার বাবা তাকে আরো ৩০০ টাকা দিল ৩ খানা শাল কেনবার জন্যে। ৩ খানা শালের দাম যদি ৯২৩ টাকা হয় তাহলে ৩টি শাল কিনতে আর কত টাকা লাগবে ?

৫। শ্যামা বাজারে গিয়ে ৩টি পুতুল, ২টা টুথ ব্রাশ আর ৫ কৌটো মাজন কিনলো। যদি ১টি পুতুলের দাম ৫ টাকা, ১ টুথ-ব্রাশের দাম ১·৫০ পয়সা আর ১ কৌটো মাজনের দাম ৩·২৫ পয়সা হয় তবে শ্যামা কত টাকা খরচ করলো।

৬। যদি ১ কিগ্রা. ঘিরে দাম ৩৫ টাকা হয় তবে ৪০ কিগ্রা. ঘি কিনতে কত টাকা লাগবে ?

৭। প্রথম গাছে ৫৫টি পাখি আছে। দ্বিতীয় গাছে প্রথম গাছের ৩গুণ পাখি আছে আর তৃতীয় গাছে দ্বিতীয় গাছের ৫গুণ পাখি আছে। ৩টী গাছে মোট কতগুলি পাখি আছে ?

৮। টুটুনকে ৩৫টি সন্দেশ দেওয়া হলো। সে ঐ সন্দেশগুলি ৭জন বন্ধুকে সমান ভাগ করে দিল। প্রত্যেক বন্ধু কটা করে সন্দেশ পেল ?

৯। ১০টি ছেলে আর ২০টি মেয়ের মধ্যে ৯৩০টি রসগোল্লা সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে সমান সংখ্যক রসোগোল্লা পাবে ?

১০। উমাকে ২০টা সিঙ্গাড়া, ২৫টা সন্দেশ, ৩০টা রসোগোল্লা, ৫বাটি দই দেওয়া হলো। সে তার ৪ ভাইবোন আর নিজে ঐ খাবারগুলো সমান ভাগে ভাগ করে নিলে কে কটা করে এক এক রকম খাবার পাবে ?